

বাংলাদেশ দূতাবাস  
মাদ্রিদ, স্পেন  
জরুরী বিজ্ঞপ্তি

নং : এমআরডি/মাদ্রিদ/কনসুলার/২০১৭

তারিখঃ ১৫.১২.২০১৭

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৯.১২.২০১৭ তারিখ শুক্রবার এবং ৩০.১২.২০১৭ তারিখ শনিবার বাসেলোনা এবং এর আশেপাশের এলাকায় বসবাসরত বাংলাদেশীদের মাঝে কনসুলার সেবা প্রদান করা হবে।

- সিরিয়াল গ্রহণ ব্যতীত কোনো ব্যক্তির পাসপোর্টের এনরোলমেন্ট করা হবে না।
- পাসপোর্টের ফিঙ্গার প্রিন্ট প্রদানের জন্য কনসুলেট অফিস, বাসেলোনা হতে সিরিয়াল গ্রহণ করতে হবে।
- টেলিফোনে কোন সিরিয়াল প্রদান করা হবে না।
- সিরিয়াল গ্রহণের সময় পাসপোর্ট অথবা জন্ম সনদের ফটোকপি দেখাতে হবে এবং তা জমা দিতে হবে।
- ০৬ বছরের কম বয়সী শিশুদের জন্য সিরিয়াল গ্রহণের প্রয়োজন নেই। যাদের পুরাতন ডিজিটাল পাসপোর্ট আছে যদি তাদের পাসপোর্টের মেয়াদ ০২ মাস থেকে থাকে তবে তাদের পাসপোর্ট রিনিউ করার জন্য সিরিয়াল নেয়ার প্রয়োজন নাই। তারা কেবলমাত্র তাদের ফর্ম ও ফি জমা দিলেই হবে।
- কনসুলেট অফিস বাসেলোনায় সরাসরি হাজির হয়ে সিরিয়াল গ্রহণ করতে হবে। ২১.১২.২০১৭ তারিখ বৃহস্পতিবার সকাল ১০ টা হতে সিরিয়াল প্রদান করা হবে। ২২.১২.২০১৭ তারিখ শুক্রবার বেলা ২ টা পর্যন্ত সিরিয়াল প্রদান করা হবে।
- ২৯.১২.২০১৭ তারিখ শুক্রবার শুধুমাত্র সিরিয়াল গ্রহণকারীদের পাসপোর্টের এনরোলমেন্ট করা হবে এবং ০৬ বছরের কম বয়সী শিশুদের পাসপোর্টের আবেদন ও যাদের ডিজিটাল পাসপোর্টের মেয়াদ কমপক্ষে ০২ মাস আছে তাদের পাসপোর্ট রিনিউ –এর আবেদন জমা নেয়া হবে। মেশিন রিডেবল পাসপোর্ট বিতরণসহ অন্যান্য সেবা সমূহ ৩০.১২.২০১৭ তারিখ শনিবার প্রদান করা হবে।
- পাসপোর্টের এনরোলমেন্টের জন্য নির্ধারিত তারিখ ও সময়ে হাজির থাকতে হবে।

বিস্তারিত প্রোগ্রাম পরবর্তী পাতায়

**তারিখঃ ২৯.১২.২০১৭ শুক্রবার**

**স্থানঃ Centro Cívic URGELL, Calle Comte d' Urgell nº 145, 08036, Barcelona**  
**সময়ঃ** সকাল ১০:০০ টা হতে সন্ধ্যা ৭:০০ টা।  
**সেবাসমূহঃ** সকাল ১০:০০ টা হতে দুপুর ২:০০ টা – সিরিয়াল গ্রহণকারীদের মেশিন রিডেবল পাসপোর্টের এনরোলমেন্ট, ০৬ বছরের কম বয়সী বাচ্চাদের পাসপোর্টের আবেদন গ্রহণ এবং যাদের ডিজিটাল পাসপোর্টের মেয়াদ কমপক্ষে ০২ মাস আছে তাদের পাসপোর্ট রিনিউ –এর আবেদন জমা নেয়া।  
দুপুর ২:০০ টা হতে দুপুর ৩:০০ টা – বিরতি  
দুপুর ৩:০০ টা হতে সন্ধ্যা ৭:০০ টা - সিরিয়াল গ্রহণকারীদের মেশিন রিডেবল পাসপোর্টের এনরোলমেন্ট, ০৬ বছরের কম বয়সী বাচ্চাদের পাসপোর্টের আবেদন গ্রহণ এবং যাদের ডিজিটাল পাসপোর্টের মেয়াদ কমপক্ষে ০২ মাস আছে তাদের পাসপোর্ট রিনিউ –এর আবেদন জমা নেয়া।

**তারিখঃ ৩০.১২.২০১৭ শনিবার**

**স্থানঃ Centro Cívic URGELL, Calle Comte d' Urgell nº 145, 08036, Barcelona**  
**সময়ঃ** সকাল ১০:০০ টা হতে সন্ধ্যা ৭:০০ টা।  
**সেবাসমূহঃ** সকাল ১০:০০ টা হতে দুপুর ২:০০ টা – কনসুলার সেবা প্রদান (মেশিন রিডেবল পাসপোর্টের এনরোলমেন্ট, ০৬ বছরের কম বয়সী বাচ্চাদের পাসপোর্টের আবেদন গ্রহণ, যাদের ডিজিটাল পাসপোর্টের মেয়াদ কমপক্ষে ০২ মাস আছে তাদের পাসপোর্ট রিনিউ –এর আবেদন জমা নেয়া, পাসপোর্ট বিতরণ, ট্রাভেল পারমিট প্রদান, এনভিআর এর আবেদন গ্রহণ, কাগজপত্র সত্যয়ন প্রভৃতি)  
দুপুর ২:০০ টা হতে দুপুর ৪:০০ টা – বিরতি  
দুপুর ৪:০০ টা হতে সন্ধ্যা ৭:০০ টা - কনসুলার সেবা প্রদান (মেশিন রিডেবল পাসপোর্টের এনরোলমেন্ট, ০৬ বছরের কম বয়সী বাচ্চাদের পাসপোর্টের আবেদন গ্রহণ, যাদের ডিজিটাল পাসপোর্টের মেয়াদ কমপক্ষে ০২ মাস আছে তাদের পাসপোর্ট রিনিউ –এর আবেদন জমা নেয়া, পাসপোর্ট বিতরণ, ট্রাভেল পারমিট প্রদান, এনভিআর এর আবেদন গ্রহণ, কাগজপত্র সত্যয়ন প্রভৃতি)

- বিকাল ৫:৩০ টা হতে সন্ধ্যা ৭:০০ টা – পাসপোর্ট সংক্রান্ত সমস্যা নিয়ে আলোচনা।
- বিতরণযোগ্য পাসপোর্টের তালিকার জন্য অয়েবসাইটঃ [www.bangladeshembassy.es](http://www.bangladeshembassy.es)
- কনসুলার সেবা প্রদানের জন্য দূতাবাস সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে।

কর্তৃপক্ষ